

৩০ জানুয়ারি ২০১৭

শিক্ষকদের ওপর হামলা

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর উদ্বেগ

সাম্প্রতিক সময়ে বিদ্যালয়ে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে ক্ষমতাসীন দলের সমর্থক এবং জনপ্রতিনিধি, বিশেষ করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক দেশের বিভিন্ন স্থানে শিক্ষকদের মারধরের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা জানাচ্ছে।

প্রকাশিত সংবাদসূত্রে জানা যায়, গত ২৪ জানুয়ারি ২০১৭ লালমনিরহাট সদরের পঞ্চগ্রাম ইউনিয়নের হরিদেব দয়েজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনোরঞ্জন রায়কে (৫২) মারধর করে স্থানীয় আওয়ামী লীগ সমর্থক লোকজন। তাদের পছন্দসই ব্যক্তিকে শিক্ষক পদে নিয়োগে রাজী না হওয়ায় তাঁর ওপর এই হামলা ও মারধরের এ ঘটনা ঘটে। এর ফলে গুরুতরভাবে আহত শিক্ষককে লালমনিরহাট সদর হাসপাতালে ভর্তি করানো হয়। এছাড়াও গত ২১ জানুয়ারি, নাটোরের সিংড়ায় ইউনিয়ন পরিষদের এক চেয়ারম্যান ও তার অনুসারীরা ঠিক একই কারণে এক শিক্ষককে পিটিয়েছেন বলেও গণমাধ্যমের মাধ্যমে আমরা জানতে পারি। ইতিপূর্বে নারায়ণগঞ্জে একই ধরনের শিক্ষক অবমাননার ঘটনার সাথে জড়িত জনপ্রতিনিধির ক্ষেত্রে কোনো কার্যকর পদক্ষেপ গৃহীত হয়নি। একের পর এক এরূপ অগ্রহণযোগ্য ঘটনা ঘটায় সংস্কৃতির বিকাশের মাধ্যমে দেশের শিক্ষা ব্যবস্থায় নৈরাজ্য সৃষ্টি হচ্ছে।

এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিতে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ গভীর উদ্বেগ ও নিন্দা প্রকাশ করছে। ফোরাম মনে করে, জাতি গঠনের কারিগর শিক্ষকের ওপর এ ধরনের ন্যাক্কারজনক হামলা ও মারধরের ঘটনা মানুষের মূল্যবোধ ও সমাজের অবক্ষয়ের চিত্র তুলে ধরে। তাছাড়া সরকারের সমর্থকদের এমন বেপরোয়া আচরণ প্রকৃতপক্ষে ক্ষমতার অপব্যবহার আর আইনের শাসনের প্রতি অবজ্ঞার বহিঃপ্রকাশ। ফোরাম অনতিবিলম্বে ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ এবং আহত শিক্ষকদের পাশাপাশি শিক্ষক সমাজের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)